গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা -০১ শাখা
www.mole.gov.bd

স্মারক নং-৪০.০০.০০০০.০২৬.১৪.০০৫.২১/২৬ তারিখঃ ০৭/১০/২০২১

বিষয়ঃ "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের ৪র্থ পিএসসি সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৪র্থ সভা গত ২০/০৯/২০২১ তারিখে সময় ১২:০০ ঘটিকায় এ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

০৭.১০.২০২১
(মোছাঃ দেলোয়ারা খাতুন)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৮৪

সংযুক্তি: বর্ণনামতে ০৩ ( তিন ) ফর্দ।

বিতরণ: ( জেষ্ঠতারক্রমানুসারে নয় )

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৬. প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৭. সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮. মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ১৯৬, বিজয় নগর, ঢাকা।
৯. যুগ্ম প্রধান, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১০. প্রকল্প পরিচালক, "জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন" শীর্ষক প্রকল্প, ১৯৬, বিজয় নগর, ঢাকা।

অনুলিপি: ( সদয় অবগতির জন্য )

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা ১ শাখা
www.mole.gov.bd

**জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ এবং ইনস্টিটিউট স্থাপন প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৪র্থ সভার কার্যবিবরণীঃ**

**সভাপতি** : জনাব মোঃ এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**সভার তারিখ** : ২০ সেপ্টেম্বর, ২০২১
**সময়** : দুপুর ১২.০০ ঘটিকা
**স্থান** : মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
**উপস্থিতি** : **পরিশিষ্ট- 'ক'**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন এ পর্যায়ে প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির প্রারম্ভিক মেয়াদকাল সেপ্টেম্বর ২০১৮ হতে জুন ২০২১ ও প্রাক্কলিত ব্যয় ১৬৫২৮.৩৩ লক্ষ টাকা। প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরে এডিপি তালিকাভূক্ত হলেও মেয়াদ বৃদ্ধি করা হয়নি। প্রকল্পটির মূল উদ্দেশ্য দেশের শিল্প কারখানাসমূহের নিরাপদ কর্মপরিবেশ নিশ্চিতকরণ ও শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ ও গবেষণা পরিচালনার লক্ষে জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা ও প্রশিক্ষণ এবং ইনস্টিটিউট স্থাপন । প্রকল্পের সর্বশেষ পিএসসি সভা গত ১৮/০৪/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী ছাড়া তা নিশ্চিত করা হয়। তিনি আরও বলেন প্রকল্পের ২০২১-২২ অর্থ বছরের ক্রয়পরিকল্পনা এবং কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি। অতঃপর প্রকল্পের পিএসসি ও পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ প্রকল্পের সার্বিক বিষয় সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন।

২। **আলোচনাঃ**

**(ক)** প্রকল্পের ভৌত অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক, যুগ্মসচিব জনাব মোঃ মোশাররফ হোসেন সভাকে অবহিত করেন যে, পিআইসি, পিএসসি এবং পিইসি সভার নির্দেশনার আলোকে প্রকল্পের সংশোধিত কাজের ড্রইং, ডিজাইন ও ব্যয় প্রাক্কলন সেনা কল্যাণ সংস্থা থেকে পাওয়া গিয়াছে। তবে ৪ তলা ফাউন্ডেশন এর উপর ৫ তলা একাডেমি ভবন নির্মানের নিরাপত্তা বিষয়ে কারিগরি কমিটির রিপোর্ট পাওয়া যায় নাই। সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) থেকে পাইল লোড টেস্ট রিপোর্ট না পাওয়ায় কারিগরি কমিটির রিপোর্ট প্রদানে বিলম্ব হচ্ছে। কারিগরি কমিটির চাহিদা অনুযায়ী প্রকল্প এলাকায় ৪টি পাইল লোড টেস্ট করার সিদ্ধান্ত রয়েছে। এসকেএস ৪টি পাইল লোড টেস্ট রিপোর্টের মধ্যে ৩টির টেস্ট সম্পন্ন করেছে। এর মধ্যে মাত্র ২টির রিপোর্ট পাওয়া গিয়েছে। ৪র্থ পাইল লোড টেস্ট করা বাকি রয়েছে। এটি দ্রুত সম্পন্ন করা প্রয়োজন। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৫৫% তবে একাডেমিক ভবন ব্যতিত অন্য ভবন সমূহের অগ্রগতি প্রায় ৭০% । একাডেমি ভবন বাদে অন্য ৮টি ভবন নির্মানের বিষয়ে প্রকল্প পরিচালক জানান যে, ওয়ার্ক প্লান অনুযায়ী ডিসেম্বর, ২০২০ মাসের মধ্যে ভবনগুলির নির্মান কাজ শেষ করার লক্ষ্যমাত্রা ছিল। কিন্তু সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) তা করতে সক্ষম হয়নি।

**(খ)** প্রকল্পের আর্থিক অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২০২১-২২ অর্থবছরে এডিপি বরাদ্দ ৩০ কোটি টাকা রয়েছে কিন্তু মেয়াদ না থাকায় চলতি অর্থবছরে কোন টাকা অবমুক্ত করা যায়নি। প্রকল্পের ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫৭৮৪.৫১ লক্ষ টাকা অর্থাৎ ডিপিপি'র প্রাক্কলন অনুযায়ী আর্থিক অগ্রগতি ৩৫%।

**(গ)** প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, ৩০-০৬-২০২১ তারিখে মেয়াদ উত্তীর্ণ হয়েছে কিন্তু প্রকল্প কাজের ধারাবহিকতা জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর বাড়ানো প্রয়োজন।

**(ঘ)** সেনা কল্যাণ সংস্থার (এসকেএস) প্রতিনিধি সভাকে জানান যে, কোভিড-১৯ এর কারনে প্রকল্প কাজে শিথিলতা এসেছে। তিনি বলেন প্রকল্প কাজ বর্ধিত সময়ের মধ্যে সম্পন্ন করা সম্ভব হবে। মহাপরিচালক, আইএমইডি সভাকে জানান যে, প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন প্রকল্পটি ২০২১-২২ অর্থবছরে এডিপি তালিকাভূক্ত আছে। সুতরাং ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পটির মেয়াদ ১ বছর বৃদ্ধির প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা প্রয়োজন। তিনি আরো জানান গত

২১/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার নির্দেশনার আলোকে আরডিপিপি প্রণয়ন করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। দ্রুত আরডিপিপি প্রণয়ন করা প্রয়োজন।

৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক) ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ জুন, ২০২২ পর্যন্ত (০১ বছর) বৃদ্ধির বিষয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;
খ) সেপ্টেম্বর, ২০২১ মাসের মধ্যে ঠিকাদারি প্রতিষ্ঠান সেনা কল্যাণ সংস্থা (এসকেএস) পাইল লোড টেস্ট রিপোর্ট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করবে;
গ) আগামী ১০ অক্টোবর, ২০২১ এর মধ্যে আরডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
ঘ) ২০২১-২২ অর্থবছরের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে এবং
ঙ) প্রকল্পের পিআইসি ও পিএসসি সভাসমূহ নিয়মিতভাবে আয়োজন করতে হবে।

**সিদ্ধান্ত বাস্তবায়নেঃ** মহাপরিদর্শক (ডাইফ), প্রকল্প পরিচালক।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৯/২০২১

**( মোঃ এহছানে এলাহী )**
সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও
সভাপতি,
প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)
জাতীয় পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক গবেষণা
এবং প্রশিক্ষণ এবং ইনস্টিটিউট স্থাপন